

নিউ টাউনের স্কুলে

আজকালের প্রতিবেদন: দ্য নিউ টাউন স্কুল কলকাতায় শুরু হয়েছে 'স্পিক ম্যাকে: ন্যাশনাল স্কুল ইনটেনসিভ ২০১৬'। এই প্রথম। শনিবার থেকে। চলবে ৩০ ডিসেম্বর পর্যন্ত। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিখ্যাত বেহালাবাদক এ সুরক্ষণ্যম, ধ্রুপদী নৃত্য শিল্পী সুজাতা মহাপাত্র, স্কুল শিক্ষা দপ্তর সচিব দুগ্ধন্ত নারিয়াল। স্কুলের পড়ুয়াদের নাচ, গান, লোকশিল্প, শোলার কাজ, কালিঘাটের পটচিত্র এবং যোগাভ্যাসের ব্যাপারে আগ্রহী করে তোলার জন্যই এই আয়োজন বলে উদ্যোক্তারা জানান। সারা দেশের প্রায় ১০০টি স্কুলের ৫০০ জন ছাত্রছাত্রী সপ্তাহব্যাপী এই শিবিরে অংশ নিচ্ছে। দেশের ধ্রুপদী শিল্প চর্চার বিভিন্ন মাধ্যম সম্পর্কে জ্ঞান সঞ্চয় করার সুবর্ণ সুযোগ পাচ্ছে ছাত্রছাত্রীরা। রয়েছে সঙ্গীত বিষয়ক কর্মশালা, আলোচনাসভা, চলচ্চিত্র প্রদর্শন প্রভৃতি। এমনটাই জানালেন স্কুলের প্রতিষ্ঠাতা-অধিকর্তা সুনীল আগরওয়াল।